# ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

www.uniqueprogressiveschool.com

**EIIN-140347**

## বেতন বৃদ্ধি নিয়ে কর্তৃপক্ষের ব্যাখ্যা-

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ** সম্পূর্ণ বেসরকারী ভাবে পরিচালিত একটি শিক্ষা প্রতিষ্ঠান। অত্র বিদ্যালয়টি বিগত কয়েক বছর সুনামের সাথে পাঠদান করে আসছে। বিদ্যালয়টির আয় শুধুমাত্র শিক্ষার্থীদের প্রদেয় বেতন ও ফি । সেই আয় থেকে সকল ব্যয় সমূহ (শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের বেতন- ভাতা, বাড়ী ভাড়া, শিক্ষা উপকরণ ক্রয়, উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য ব্যয়) পরিশোধ করে থাকে।

**২০২৪ থেকে ২০২৬ সাল পর্যন্ত ইউনিক প্রগ্রেসিভ স্কুল,ময়মনসিংহ এর ভর্তি ফি ও বেতন নিম্নরূপ :**

| বিবরণ | ২০২৪ | ২০২৫ | ২০২৬ | |
|---|---|---|---|---|
| | | | ৬ষ্ঠ থেকে ৮ম | ৯ম ও ১০ম |
| এককালীন প্রদেয় ফি | ৫,৫০০/- | ৪,০০০/- | ৬,২০০/- | ৬,২০০/- |
| মাসিক বেতন | ১,২০০/- | ১,২০০/- | ১,৪০০/- | ১,৫০০/- |

২০২৫ সালে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক এককালীন ৪,০০০/- (চার হাজার) টাকা এবং জানুয়ারী মাসের বেতন ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি ৬০০/- ও নবম-দশম শ্রেণি ৭০০/- টাকা নেওয়া হয়েছে । পরবর্তীতে প্রতিষ্ঠান চালানো সম্ভবপর না হওয়ায় ফেব্রুয়ারি মাস থেকে মাসিক বেতন ছিল ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা। ২০২৪ এবং ২০২৫ শিক্ষাবর্ষে শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণ একই বেতন চাকরি করে আসছেন। অর্থাভাবে বেতন বৃদ্ধি সম্ভব হয়নি । এছাড়াও শিক্ষা উপকরণের ক্রমবর্ধমান ব্যয় বৃদ্ধির কারণে প্রতিষ্ঠান পরিচালনা করাই যথেষ্ট কষ্টসাধ্য হয়ে পড়েছে।

**ময়মনসিংহ শহরের অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠানগুলোও লক্ষ্য করলে দেখা যায় ভর্তি ফি ও বেতন নিম্নরুপ :**

| বিবরণ | ২০২৬ | |
|---|---|---|
| | ৬ষ্ঠ থেকে ৮ম | ৯ম ও ১০ম |
| এককালীন প্রদেয় ফি | ৭,৪০০/- | ৭,৫০০/- |
| মাসিক বেতন | ১,৪০০/- | ১,৫০০/- |

এমনকি ময়মনসিংহ শহরে ২০২৫ সালে গড়ে ওঠা কিছু প্রতিষ্ঠানের দিকে লক্ষ্য করলে দেখা যায় তাদের মাসিক বেতন **ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।**

২০২৬ শিক্ষাবর্ষে **ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ**-এর ভর্তির এককালীন প্রদেয় ফি এবং মাসিক বেতন বৃদ্ধি অযৌক্তিক কোন বিষয় নয়। অধিকাংশ সম্মানিত অভিভাবক আমাদের সাথে একমত পোষন করেছেন । এমতবস্থায় স্বনামধন্য একটি প্রতিষ্ঠান এবং শিক্ষক কর্মকর্তা, কর্মচারীগণের কথা বিবেচনা করে বিষয়টি ভিন্ন খাতে প্রবাহিত না করার জন্য সংশ্লিষ্ট সকলকে সবিনয় অনুরোধ করছি।

প্রধান শিক্ষক

ইউনিক প্রগ্রেসিভ স্কুল,ময়মনসিংহ